

মেক্সিকোতে ‘সোনার বাংলা’ শীর্ষক প্রদর্শনী

- A Monitor Desk Report

Date: 12 February, 2024



মেক্সিকোতে বাংলাদেশ দূতাবাস এবং ক্লাস্ট্রো ডে সরহয়ানা বিশ্ববিদ্যালয়ের যৌথ উদ্যোগে ‘সোনার বাংলা’ শীর্ষক প্রদর্শনী শুরু হয়েছে। ৮ ফেব্রুয়ারি শুরু হওয়া এই আয়োজনে বাংলাদেশের ঐতিহ্য এবং শিল্পকে তুলে ধরা হয়।

বিশ্ববিদ্যালয়টির ডিন কার্মেন বিয়ান্ড্রিজ লোপেজ পোর্তিয়ো রোমানো, প্রখ্যাত চিত্রশিল্পী মার্গারিতা চাকন বাচে সহ আমন্ত্রিত অতিথি, স্থানীয় বিশিষ্ট ব্যক্তিত্ব এবং ক্লাস্ট্রো মিউজিয়ামের কর্মকর্তা এবং শিক্ষার্থীরা প্রদর্শনীতে উপস্থিত ছিলেন।

মেক্সিকোতে অবস্থিত সার্বিয়া, ইরাক, ভেনিজুয়েলা, স্পেন, স্লোভাকিয়া, কাতার, ভারত, সৌদি আরব, আলজেরিয়া, হন্ডুরাস, গুয়াতেমালা, এবং ডমেনিকান প্রজাতন্ত্রের রাষ্ট্রদূত এবং কূটনৈতিক প্রতিনিধিগণও এই প্রদর্শনীতে উপস্থিত ছিলেন।

প্রদর্শনীতে কালিদাস কর্মকার (মৃত), ডক্টর ফারিদা জামান, নিসার হোসেন, রেজাউন নবী, মোস্তাফিজুল হক, আহমেদ শামসুদোহা, শেখ আফজাল হোসেন, মাহফুজুর রহমান, মুনিরুজ্জামান, রাশেদুল হুদা সরকার, সঞ্জীব দাস অপু, বুকসানা সাইদা আকতার পপি, জাহির হোসেন, শামসুল আলম ইন্নান, বুবিনা নাগিস, জহির উদ্দিন, শাহনাজ সুলতানা, রিফাত জাহান কান্তা, মোহাম্মদ কামাল উদ্দিন, সারা তুনে, রাশেদ সুখন, এম এম মাইজুদ্দিন, আবুল কালাম শামসুদ্দিন, আব্দুস শাকুর শাহ, আব্দুল মান্নান, আবিদা ইসলাম, সৈয়দ আবুল বরক আলভী, নায়িমা হক, মোহাম্মদ ইউনুস, এবং রাকিব হাসানসহ ৩০ জন প্রতিষ্ঠিত এবং উদীয়মান বাংলাদেশী চিত্রশিল্পীর কাজ উপস্থাপন করা হয়।

উদ্বোধনী বক্তব্যের পর উপস্থিত বিভিন্ন দেশের রাষ্ট্রদূত এবং কূটনৈতিক প্রতিনিধিগণ ফিতা কেটে এই প্রদর্শনীর অনুষ্ঠানিক উদ্বোধন করেন। পরবর্তীতে মার্গারিতা চাকন সকল আমন্ত্রিতদের প্রদর্শনীটি ঘুরে দেখান এবং প্রদর্শিত শিল্পকর্মসমূহের কৌশল ব্যাখ্যা করেন। আগত অতিথিদের ঐতিহ্যবাহী বাংলাদেশি খাবার পরিবেশনের মাধ্যমে অনুষ্ঠানের সমাপ্তি ঘটে।

আগামী ২১ মার্চ পর্যন্ত ‘সোনার বাংলা’ চিত্র প্রদর্শনীটি মেক্সিকোর প্রসিদ্ধ ক্লাস্ট্রো ডে সরহয়ানা বিশ্ববিদ্যালয়ে সকলের জন্য উন্মুক্ত থাকবে।

